



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/22/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো স্টেট পুলিশের হেট ক্রাইমস টাস্ক ফোর্সকে (STATE POLICE HATE CRIMES TASK FORCE) নির্দেশ দিয়েছেন কনি আইল্যান্ডে পাওয়া স্বস্তিকার ব্যাপারে তদন্তে সাহায্য করতে

"আরেকটি এন্টি-সিমেটিক চিহ্ন [পাওয়া গেছে](#) গতকাল একটি ইহুদি কমিউনিটি সেন্টারের বেঞ্চে অঙ্কিত অবস্থায়। এটা নিউ ইয়র্কের ইহুদি সম্প্রদায়কে লক্ষ্য করে করা ধারাবাহিক ঘৃণ্য কাজের নতুন সংযোজন, এবং এই ঘৃণ্য কাজের ক্রমবর্ধমান পরিমাণ কে আমরা স্বাভাবিক হয়ে উঠতে দিতে পারি না এবং দেব না।

আমি এই জঘন্য অপকর্মাটির তদন্ত করতে, দায়ী ব্যক্তিদের খুঁজে বের করতে এবং আইনের সর্বোচ্চ সীমায় তাদের বিচার করার জন্য নিউ ইয়র্ক পুলিশ বিভাগ (New York Police Department, NYPD) কে সহযোগিতা করার জন্য স্টেট পুলিশের হেট ক্রাইম টাস্ক ফোর্সকে নির্দেশ দিচ্ছি। ঘৃণা-জড়িত বক্তব্য, প্রতীক বা কোনও ধরনের হিংসার বহিঃপ্রকাশের ব্যাপারে স্টেট একেবারে অসহনশীল অবস্থানে আছে, এবং ঘৃণার বিরুদ্ধে আমাদের এই লড়াই চালিয়ে যেতে হবে নিউ ইয়র্কের মূল্যবোধের বৈচিত্র্য, অন্তর্ভুক্তি ও গ্রহণযোগ্যতার জন্য।"

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)